দৈনিক বাংলা

তারিখ 18 FEB 1987
পৃষ্ঠা ৫ কলাম ১

4

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
ঢাকা

# এসএসসি পরীক্ষা কথা

আসন্ন এসএসসি পরীক্ষা সম্পর্কে ঢাকা বোর্ডের একটি খবর প্রকাশিত হয়েছে পত্রিকান্তরে। খবরে বলা হয়েছে এবারও শহরাঞ্চলের পরীক্ষার্থীদের তুলনায় গ্রামাঞ্চলের পরীক্ষার্থীর সংখ্যা বেশী।

খবরটিতে এমনিতে তেমন গুরুত্ব থাকার কথা নয়। প্রতিটি উপজেলায় পরীক্ষা কেন্দ্র স্থাপিত হয়েছে। যোগাযোগ ব্যবস্থার উন্নতি হয়েছে। ফলে শহরাঞ্চলে জড় হয়ে থাকবার অবকাশ আগের মত নেই।

তবে এ ঘটনার ব্যাখ্যা এ ধরনের হলে আপত্তি করার কিছু ছিল না। কিন্তু ঘটনা তেমন করে ঘটছে না একথা বোর্ডের সূত্র থেকেই জানা গেছে। বোর্ডের একজন কর্মকর্তা জানিয়েছেন সকল উপজেলায় পরীক্ষার্থীর সংখ্যা বেশি নয়। শুধুমাত্র যে সকল উপজেলায় নকলের সুবিধা বেশি সে সকল উপজেলায়ই পরীক্ষার্থীদের ভিড় দেখা যায়।

এ ধরনের ভিড় সম্পর্কে তিনি আরো জানিয়েছেন অনেক উপজেলায় অনেক স্কুল কর্তৃপক্ষ এ সময় অধিক টাকা নিয়ে ভুয়া ছাত্রদের পরীক্ষার ফরম পূরণ করায় ইতিমধ্যে এ ধরনের হাজার খানেক ফরম নাকি চিহ্নিত করা হয়েছে।

বোর্ডের কর্মকর্তার এ তথ্য অবিশ্বাস করার অবকাশ নেই। কারণ দীর্ঘদিন ধরে এ ধরনের ঘটনা ঘটছে। শুধুমাত্র বোর্ড কর্তৃপক্ষ সজাগ এবং সতর্ক ছিলেন না বলেই গত বছর পরিস্থিতি ভিন্ন মোড় নিয়ে ছিল।

এ পরিস্থিতি সম্পর্কে বিভিন্ন পত্রপত্রিকায় লেখালেখি হয়েছে। বার বার একটি কথা তুলে ধরা হয়েছে যে এ ব্যাপারে কোন পদক্ষেপ নিতে হলে যেন পরীক্ষা গ্রহণের পূর্বেই নেয়া হয়। অন্যথায় অযথা অনেক নির্দোষ পরীক্ষার্থীরও ভোগান্তি হয়। সেদিক থেকে আমার কথা যে ঢাকা বোর্ড এবার প্রথম থেকে সতর্কতা অবলম্বন করছেন। অন্যান্য বোর্ড কর্তৃপক্ষ কি ব্যবস্থা নিচেছন সে সম্পর্কে এখন পর্যন্ত কোন কিছু জানা না গেলেও আশা করা যায় এবার তারাও আগ থেকেই সতর্ক হবেন। গতবারের মত হঠাৎ করে হাজার হাজার পরীক্ষার্থীদের পরীক্ষার ফলাফল স্থগিত রেখে অনিশ্চয়তার সৃষ্টি করবেন না। আমরা আরো আশা করব, অভিযুক্ত বিদ্যালয় এবং এ সকল বিদ্যালয়ের তথাকথিত 'ব্যবসায়ী' শিক্ষকদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা অবলম্বন করা হবে।